

প্রতিমা নির্মাণ

প্রতিমা গড়তে চাও? তাহলে শুরুকো ধৈর্য্যাসহ
 পরম নিষ্ঠায়। একে একে অতিব্রাস্ত হওএকেকটি
 ধাপ। প্রথমে জড়ো করো দড়ি - খড় - বাঁশইত্যাকার
 দ্রব্যসামগ্রী। ত্রমে তার সুযম ব্যবহারে গড়ে তোল
 প্রতিমার সূষ্ঠ্যঅবয়ব। অতঃপরকাদামাটি তুলে ধরো
 উন্মুক্ত শরীরে। তার পরে ধরো তুলি, রঙ ও রেখায় —
 প্রকাশিত করো নিখুঁত সৌন্দর্য তাঁর - অবশেষে দাও
 চক্ষুদান, শেষ হোক প্রতিমার কার্কার্য অথবা নির্মাণ।

নিয়ম না মেনে যদি প্রথমেই চক্ষুদান দিয়ে ফেল
 কোন প্রতিমার, প্রতিমাই হেসে উঠবেতোমাকে অথবা
 তোমার মূর্খতা দেখে।

ক্ষিতীশ সাঁতরা

